

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ২২, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবেশ ও বন মন্ত্রণালয়

বন অধিশাখা-১

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ এপ্রিল ২০১৪ খ্রিস্টাব্দ

নং পবম/(বঃশাঃ-১)০৬/২০১৪/১১৪—যেহেতু নিম্ন তফসিলভুক্ত সংরক্ষিত/রক্ষিত বন বাংলাদেশ সেনাবাহিনীর স্থায়ী সেনানিবাস স্থাপনের জন্য ব্যবহৃত হবে এবং সে লক্ষ্যে যেহেতু মাননীয় প্রধানমন্ত্রীর সানুখহ অনুমোদন পাওয়া গেছে। সেহেতু বন আইন, ১৯৭২ (১৯৭২ সনের ১৬ নং আইন) (২০০০ সনে সংশোধিত) এর ২৭ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার এই মর্মে ঘোষণা করিতেছে যে, কক্সবাজার দক্ষিণ বন বিভাগের নিয়ন্ত্রণাধীন কক্সবাজার জেলার রামু উপজেলাস্থ নিম্নবর্ণিত বনভূমি যাহা ১৯০৭ সনের ২৫ শে মে তারিখে পূর্ব বাংলা এবং আসাম গেজেটে প্রকাশিত বিজ্ঞপ্তি নং ৫১৫২ এফ তারিখ ১৫ মে, ১৯০৭ ও ১৯৩০ সনের ১২ই জুলাই গেজেটে প্রকাশিত বিজ্ঞপ্তি নং ৮২৩১ তারিখ ১৯ মার্চ, ১৯৩১ মূলে সংরক্ষিত এবং গেজেট বিজ্ঞপ্তি নং ৪৯টি ফর ১১ জুন, ১৯৩৫ মূলে রক্ষিত বন ঘোষণা করা হয়েছিল তাহা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে আর সংরক্ষিত/রক্ষিত বনভূমি হিসাবে গণ্য হইবে না।

(১২৯২৭)

মূল্য : টাকা ৪.০০

জমির তফসিল

ক্রমিক নং	জেলা	উপজেলা	মৌজা	দাগ নং	দাগে মোট জমির পরিমাণ (একর)	প্রস্তাবিত জমি (একর)	জমির শ্রেণী
১	২	৩	৪	৫	৬	৭	৮
(১)	কক্সবাজার	রামু	রাজারকুল, জে.এল. নং-২৫	৭৬২১	৫৪৯.৪১	৫০৯.৪১	পাহাড়
(২)				৭৬২৪	৫.৬০	৫.৬০	পাহাড়
(৩)				৭৬২৫	০.৭৮	০.৭৮	ছড়া
(৪)				৭৬২৬	৭.১৪	৭.১৪	ছড়া
(৫)				৭৬২৮	১৯৯.০৫	১৯৯.০৫	পাহাড়
(৬)				৭৬২৯	২.০০	২.০০	ছড়া
(৭)				৭৬৩০	২১.৭০	২১.৭০	পাহাড়
(৮)				৭৬৫২	২.৭৪	০.১০	ছড়া
(৯)				৭৬৫৩	৩৮০.৮০	৩৮০.৮০	পাহাড়
(১০)				৭৬৫৪	১.৮৮	১.৮৮	ছড়া
(১১)				৭৬৫৫	৪২.৪০	৪২.৪০	পাহাড়
(১২)				৭৬৫৬	২.২৫	২.২৫	ছড়া
(১৩)				৭৬৫৮	১.৪৮	১.৪৮	টিলা
(১৪)				৭৬৫৯	০.১০	০.১০	পুকুর
(১৫)				৭৬৬০	৩.৩০	৩.৩০	টিলা
(১৬)				৭৬৬১	১.৮৩	১.৮৩	টিলা
(১৭)				৭৬৭২	০.১৮	০.১৮	পুকুর পাড়
মৌজায় মোট :						১১৮০.০০	
(১৮)	কক্সবাজার	রামু	খুনিয়াপালং, জে.এল. নং-৩৫	১	২৮৭.৪৩	২৫৬.৪৩	পাহাড়
(১৯)				২	০.৪২	০.৪২	ছড়া
(২০)				৬	১.১৬	১.১৬	ছড়া
(২১)				৭	৬.৫৪	৬.৫৪	পাহাড়
মৌজায় মোট :						২৬৪.৫৫	

১	২	৩	৪	৫	৬	৭	৮
(২২)	কক্সবাজার	রামু	উমাখালী, জে.এল. নং-২৬	৫০৩৯	৩৬৪.০০	৩৩৪.০০	পাহাড়
(২৩)				৫০৪০	০.৪৩	০.৪৩	ছড়া
(২৪)				৫০১৬	১২৪.৫০	১০.০০	পাহাড়
মৌজায় মোট :						৩৪৪.৪৩	

জমির চৌহদ্দি :

- উত্তর - বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের নারিকেল বীজ বাগান, রাজারপুল রিজার্ভ এবং উমাখালী রক্ষিত বন।
- দক্ষিণ - দারিয়াদিঘী রিজার্ভ এবং খুনিয়াপালং জোত ভূমি।
- পূর্ব - আরাকান সড়ক এবং তৎপূর্বে কক্সবাজার বোটানিক্যাল গার্ডেন (রাম কোট রিজার্ভ)।
- পশ্চিম - দক্ষিণ মিঠাছড়ি রক্ষিত বন এবং তৎপূর্বে কক্সবাজার-টেকনাফ লিংক রোড।

জমির সার-সংক্ষেপ

ক্রমিক নং	মৌজার নাম ও জে.এল নং	প্রস্তাবিত জমি (একর)	মন্তব্য
১।	মৌজা-রাজারকুল, জে এল নং-২৫	১১৮০.০০ (সংরক্ষিত)	উক্ত ভূমিতে ছোট ছোট টিলায় লতা-গুল্ম ও বিক্ষিপ্তভাবে বেশ কিছু গাছ-পালা রয়েছে।
২।	মৌজা-খুনিয়াপালং, জে এল নং-৩৫	২৬৪.৫৫ (সংরক্ষিত)	
৩।	মৌজা-উমাখালী, জে এল নং-২৬	৩৪৪.৪৩ (রক্ষিত)	
	সর্বমোট=	১৭৮৮.৯৮ একর	

এই প্রস্তাবনাটি জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শফিকুর রহমান পাটোয়ারী
সচিব।